

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
মিশন অধিশাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০৩.০১১.০০.০০.০০২.২০১৩- ৫১২

তারিখ: ২৫/১০/২০১৫ খ্রিঃ


বিষয়ঃ বাংলাদেশ দূতাবাসের বিভিন্ন শ্রম উইংয়ে প্রথম সচিব(শ্রম)/দ্বিতীয় সচিব(শ্রম) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ দূতাবাসের বিভিন্ন শ্রম উইংয়ে প্রথম সচিব(শ্রম)/দ্বিতীয় সচিব(শ্রম) পদে কর্মকর্তা নিয়োগের জন্য যোগ্য ও আগ্রহী সরকারী কর্মকর্তাদের নিকট হতে 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদ	মিশন	পদের সংখ্যা	যোগ্যতা	কাজের বিবরণ
১	প্রথম সচিব (শ্রম)	বাহরাইন, মালয়েশিয়া এবং ইতালী (রোম)	৩	সিনিয়র সহকারী সচিব বা সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা	বাংলাদেশ হতে সংশ্লিষ্ট দেশে নতুন কর্মী নিয়োগের উদ্যোগ গ্রহণ, বিদেশে কর্মরত কর্মীদের সেবামূলক কার্যক্রম গ্রহণ এবং কর্মীদের রেমিটেন্স প্রেরণে সহায়তা প্রদান
২	দ্বিতীয় সচিব (শ্রম)	মালয়েশিয়া, রিয়াদ এবং জেদ্দা	৩	সহকারী সচিব বা সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা	

শর্তাবলী :

- ০১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী সরকারী কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ আগামী ০৯ নভেম্বর ২০১৫ তারিখের মধ্যে 'জীবন বৃত্তান্ত ছক' (সংযোজনী-১) পূরণপূর্বক সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে সম্বোধন করে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত ছায়ািলিপি ও ০১ (এক) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ আবেদন করবেন। আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে উপসচিব, মিশন অধিশাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, নিউ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ এর নিকট পৌছাতে হবে।
- ০২। আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে।
- ০৩। শিক্ষাগত যোগ্যতার ফলাফলে জিপিএ উল্লেখ থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রূপান্তরিত ডিভিশন/শ্রেণী দাখিল করতে হবে।
- ০৪। বেসরকারী বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদ পত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি) এর প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ০৫। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর অথবা যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ন ব্যতিত সরাসরি প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচিত হবে না এবং ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৬। যে সকল কর্মকর্তা ইতিপূর্বে প্রেষণে বা সরকারী পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে প্রত্যাবর্তনের ০৩(তিন) বছরের মধ্যে তারা আবেদন করতে পারবেন না। ইতিপূর্বে বিদেশে পদায়নকালে যে পদে/পদমর্যাদায় কাজ করেছেন তার উর্ধ্বতন পদ ব্যতিত সমপর্যায়ের পদের জন্য আবেদন বিবেচিত হবে না।
- ০৭। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪(চার) বছরের কম তারা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।
- ০৮। প্রার্থীত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৮ নম্বর ক্রমিকে) উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারে থাকবে।
- ০৯। ১ জানুয়ারী ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা ০২(দুই) এর অধিক তাদের আবেদন বিবেচিত হবে না।
- ১০। যে সকল কর্মকর্তা ইতিপূর্বে এ মন্ত্রণালয়ের ১৩/০৮/২০১৫ তারিখে জারিকৃত ৪৯.০০৩.০১১.০০.০০.০০২.২০১৩-৪০১নং বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রথম সচিব(শ্রম)/দ্বিতীয় সচিব(শ্রম) পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- ১১। পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।


(সুশান্ত কুমার সরকার)
উপ সচিব

ফোন : ৯৩৪৯৪২১

ই-মেইলঃ dsmission.probashi@gmail.com

জীবন বৃত্তান্ত হক

- ০১। নাম ও পরিচিতি নম্বর (যদি থাকে) :
- ০২। বর্তমান আবাসিক ঠিকানা :
- ০৩। স্থায়ী ঠিকানা :
- ০৪। জন্ম তারিখ :
- ০৫। পদবী এবং বর্তমান কর্মস্থল :
- ০৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :
- ০৭। বর্তমান বেতন স্কেল :
- ০৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগদানের তারিখ :
- ০৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং
ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ :
(আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত)
- ১০। ইতঃপূর্বে যে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কাজ করেছেন
তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণঃ
- ১১। বিগত ০৫ (পাঁচ) বছরে যে যে পদে কর্মরত ছিলেন
তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা :
- ১২। শিক্ষাগত যোগ্যতা :
(এসএসসি হতে মাস্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায়
অর্জিত শ্রেণি/বিভাগ উল্লেখ করতে হবে)
- ১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ :

প্রশিক্ষণ	প্রশিক্ষণের নাম (ইনস্টিটিউশনের নামসহ)	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের বিবরণ
(ক) স্থানীয়			
(খ) বিদেশী			

- ১৪। বাংলা ও ইংরেজী ব্যতিত অন্যান্য ভাষায় দক্ষতাঃ
(সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে)
- ১৫। বিদেশে ইতিপূর্বে পদায়নকৃত হলে তার বিবরণ (যদি থাকে)ঃ
- ১৬। বিবাহিত/ অবিবাহিত :
- ১৭। সন্তান সংখ্যা :
(প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে)
- ১৮। প্রার্থীত পদ ও মিশনের নাম :
- ১৯। অন্যান্য বিষয় (যদি থাকে) :

আবেদনকারীর নামসহ স্বাক্ষর

ফোন: অফিসঃ

বাসা :

মোবাইলঃ

ই-মেইল :